তারিখ ... ...
পৃষ্ঠা ... ... কলাম ... ...

ইত্তেফাক

11

খুদা রিপোর্ট প্রত্যাখ্যাত হয় নাই

'এনা' ও 'বাসস'-র খবর: সরকার ১৯৭৪ সনের শিক্ষা কমিশন রিপোর্ট প্রত্যাখ্যান করেন নাই। জাতীয় শিক্ষা উপদেষ্টা পরিষদের ৬ষ্ঠ কর্ম-অধিবেশনে ডঃ কুদরত-ই খুদার রিপোর্ট সম্পর্কে সরকারের ভূমিকার কথা জিজ্ঞাসা করা হইলে শিক্ষামন্ত্রী কাজী জাফর আহমেদ উপরোক্ত মন্তব্য করেন।

তিনি বলেন, উক্ত রিপোর্টের ভিত্তিতে ইতিমধ্যেই কতিপয় পদক্ষেপ গ্রহণ করা হইয়াছে। তবে তিনি বলেন যে, কতিপয় অসুবিধার দরুন রিপোর্টটি পূর্ণাঙ্গভাবে গ্রহণ করা সরকারের পক্ষে সম্ভব হয় নাই।

শিক্ষাসচিব জনাব মুজিবল হক এ প্রসঙ্গে বলেন যে, নয়া শিক্ষানীতি প্রণীত না হওয়া পর্যন্ত মন্ত্রণালয়ের সকল কার্যক্রমে খুদা কমিশন অনুসৃত হইবে।

আমাদের রিপোর্টার জানান, গতকাল (মঙ্গলবার) জাতীয় শিক্ষা উপদেষ্টা পরিষদের ষষ্ঠ কর্ম অধিবেশনে আগামীকাল (বৃহস্পতিবার) অনুষ্ঠিতব্য জাতীয় শিক্ষা কর্মশিবিরের কর্মপত্র সম্পর্কে আলোচনা হয়। পরিষদের চেয়ারম্যান শিক্ষামন্ত্রী কাজী জাফর আহমদ সভাপতিত্ব করেন।

প্রেসিডেন্ট জিয়াউর রহমান এই কর্মশিবিরের উদ্বোধন করি-

(শেষ পৃঃ ১ এর কঃ দ্রঃ)

খুদা রিপোর্ট

(১ম পৃঃ পর)

বেন এবং একটানা আটঘণ্টা অধিবেশনসমূহে উপস্থিত থাকিবেন।

মূল অধিবেশনগুলিতে আলোচ্য বিষয়সমূহ: (১) শিক্ষার সাধারণ সমস্যাবলী: (ক) সকল নাগরিকের জন্য শিক্ষার সমতা নিশ্চিত করার উপায় কি? (খ) শহরে ও গ্রামে সরকারী ও বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের মানের বৈষম্য দূর করার উপায় কি? (গ) নীচ হইতে উচ্চস্তরে ছাত্রবেতনের হার কি ক্রমবর্ধমান হইবে এবং একই স্তরে সকল প্রতিষ্ঠানে ছাত্রবেতনের হার কি সমান হইবে? (ঘ) একই স্তরের সরকারী ও বেসরকারী শিক্ষা-প্রতিষ্ঠানের শিক্ষকদের বেতন, সুযোগ সুবিধা ও চাকুরীর নিয়ম-কানুনের বৈষম্য ও তারতম্য দূর করা বা কমান যায় কিভাবে? (ঙ) আমাদের জাতীয় স্কুল উৎপাদনের কত শতাংশ শিক্ষাখাতে ব্যয় করা যুক্তিযুক্ত? (চ) ভাল পাঠ্যবই রচনা ও সুষ্ঠু বিতরণের উপযুক্ত পথ কি? (ছ) পরীক্ষা পদ্ধতির ত্রুটি কি উপায়ে দূর করা সম্ভব? (জ) সকল স্তরে লেখাপড়ার মান উন্নত করিয়া আমাদের ছেলে-মেয়েদের আন্তর্জাতিক ক্ষেত্রে প্রতিযোগিতায় সফল করার উপায় কি? (ঝ) প্রশাসনিক জটিলতা এবং সিদ্ধান্ত গ্রহণে দীর্ঘসূত্রিতা দূর করার পথ কি? (ঞ) আমাদের আকাংক্ষিত শিক্ষার ব্যয় নির্বাহের সম্ভাব্য উপায় কি? (২) প্রাথমিক শিক্ষা: ক প্রাক-প্রাথমিক শিক্ষা কি একটি পৃথক শিক্ষাস্তর হিসাবে স্বীকৃত হইবে? (খ) দেশের সকল শিশুর জন্য একই ভাষার মাধ্যমে মাত্র এক প্রকার প্রাথমিক শিক্ষা কি আকাংক্ষিত? (গ) প্রথম শ্রেণীতে ভর্তির সর্বনিম্ন ও সর্বোচ্চ বয়স নির্ধারণ করা সঙ্গত হইবে কি? (ঘ) প্রাথমিক শিক্ষার মেয়াদ কয় বছর হইবে? (ঙ) প্রাথমিক শিক্ষা কি অবৈতনিক ও বাধ্যতামূলক হইবে? (চ) প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলক করার জন্য আইন পাস করিলে সে আইন কি বলবৎ করা যাইবে? অক্ষমতাজনিত অনিচ্ছাকৃত আইন ভঙ্গকারীদের শাস্তি হইবে কি? (ছ) প্রাথমিক শিক্ষার পাঠ্যসূচীতে কি কি বিষয় থাকিবে? (জ) প্রাথমিক স্তরের শিশুদের কি উৎপাদন কর্মকাণ্ডে অংশ গ্রহণ করার উপযোগী কোন বৃত্তি শিক্ষা দেওয়া সঙ্গত হইবে? (ঝ) প্রাথমিক শিক্ষকদের প্রশিক্ষণ ব্যবস্থা কি সংস্কার করা প্রয়োজন? (ঞ) প্রাথমিক শিক্ষা প্রশাসন ও পরিদর্শন ব্যবস্থা সুষ্ঠু ও কার্যকর করার উপায় কি?

(৩) বৃত্তিমূলক ও কারিগরি শিক্ষা:

(ক) বৃত্তিমূলক শিক্ষা কি সকলের জন্য? কেন? (খ) বৃত্তিমূলক শিক্ষার জন্য পৃথক ব্যবস্থাধীনে পৃথক শিক্ষা প্রতিষ্ঠান রাখার পরিবর্তে সাধারণ শিক্ষার অঙ্গ হিসাবে বৃত্তি শিক্ষা প্রবর্তন করার সম্ভাব্যতা কতখানি? (গ) বৃত্তিমূলক ও কারিগরি শিক্ষার অধিক উৎসাহ যোগাইলেই প্রয়োজনীয় দক্ষ জনশক্তি সৃষ্টির নিশ্চয়তা আছে কি? (ঘ) একটি নির্দিষ্ট সময়ের জন্য দেশের সম্ভাব্য চাহিদা নির্ণয় করিয়া পরিকল্পিত উপায়ে বৃত্তিমূলক ও কারিগরি শিক্ষা প্রবর্তন করা সম্ভব কি? (ঙ) নারী-পুরুষ সকলের জন্যই কি বৃত্তিমূলক ও কারিগরি শিক্ষা বা একই প্রকার বৃত্তিমূলক ও কারিগরি শিক্ষা বাঞ্ছিত? (চ) যাহারা বিভিন্ন বৃত্তি ও কারিগরি শিক্ষা গ্রহণ করিবে তাহাদের উপযুক্ত কর্মসংস্থানের প্রয়োজনীয় প্রতিষ্ঠানিক সুযোগ আছে কি? অথবা সৃষ্টি করা যাইবে কি? (ছ) কত বয়সে বা কোন্ শ্রেণী উত্তরণের পর বৃত্তি ও কারিগরি শিক্ষা প্রবর্তন করা সঙ্গত হইবে? (জ) কৃষি নির্ভর শিল্প বা কারিগরি প্রতিষ্ঠানে বৃত্তি ও কারিগরি শিক্ষাপ্রাপ্তদের নিয়োগ করার ক্ষমতার সীমা কতদূর? (ঝ) বৃত্তিমূলক ও কারিগরি শিক্ষা প্রাপ্তদের স্বাধীন বৃত্তি অবলম্বনের সুযোগ কতখানি? (ঞ) অধিকসংখ্যক বড় শিল্প স্থাপন করিয়া দেশের প্রকৃত শিল্পায়ন ঘটানোর আগে বৃত্তিমূলক ও কারিগরি শিক্ষা প্রাপ্তরা অসুখী-অর্ধদক্ষ শ্রমিকের সংখ্যা বৃদ্ধি করিবে?

(৪) মাধ্যমিক, মাদ্রাসা ও উচ্চশিক্ষা:

(ক) মাধ্যমিক শিক্ষা ও মাদ্রাসা শিক্ষার কাঠামো কেমন হইবে? (খ) মাদ্রাসা ও মাধ্যমিক শিক্ষাকি এক মুখী, দ্বিমুখী বা বহুমুখী হইবে? (গ) প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলক হইলে এবং জনসংখ্যার বর্তমান হার বাড়িতে থাকিলে মাধ্যমিক শিক্ষার প্রয়োজনীয় সম্প্রসারণ কিভাবে করা যাইবে? (ঘ) বাস্তবধর্মী মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বলিতে আমাদের ধারণা কি এবং কি উপায়ে সে ধারণা বাস্তবে রূপ দেওয়া যায়? (ঙ) সম্পদের সীমাবদ্ধতার কারণে মাধ্যমিক স্তরে সহশিক্ষা প্রবর্তন অভিপ্রেত কি? (চ) উচ্চশিক্ষাকে সামাজিক মর্যাদার প্রতীক হিসাবে গণ্য করার প্রবণতা রোধ করার উপায় কি এবং উচ্চশিক্ষাও কি আক্ষরিক অর্থে উৎপাদনমুখী হওয়া উচিত? (ছ) উচ্চ শিক্ষিতদের বেকারত্ব রোধ করার সম্ভাব্য পথ কি? (জ) উচ্চশিক্ষার মান আন্তর্জাতিক ক্ষেত্রে প্রতিযোগিতামূলক করার উপায় কি? (ঝ) মানবিক বিদ্যা, সমাজ বিজ্ঞান বা সাধারণ তাত্ত্বিক বিজ্ঞান চর্চার জন্য উচ্চশিক্ষার পীঠস্থান বিশ্ববিদ্যালয়ের সম্প্রসারণ বা সংখ্যাবৃদ্ধি কি যুক্তিযুক্ত? (ঞ) মাধ্যমিক স্তরে উত্তীর্ণদের কত শতাংশ ছাত্র উচ্চস্তরে ভর্তি করা উচিত বা শিক্ষাখাতে মোট ব্যয়ের কতভাগ উচ্চশিক্ষা খাতে ব্যয় হওয়া উচিত? (৫) অনানুষ্ঠানিক শিক্ষা ও শিক্ষার সহিত উন্নয়নের সম্বন্ধ: (ক) অনানুষ্ঠানিক শিক্ষা বিষয়ে আমাদের ধারণা কি? (খ) উৎপাদন বৃদ্ধি এবং স্বনির্ভরতা অর্জন কি প্রত্যক্ষভাবে অনানুষ্ঠানিক শিক্ষার সহিত সম্পর্কযুক্ত? (গ) অনানুষ্ঠানিক শিক্ষা যদি উৎপাদন এবং উন্নয়নকেন্দ্রিক হয় তাহা হইলে অসংখ্য উৎপাদন প্রক্রিয়া ও উন্নয়নকর্মকাণ্ডের জন্য বিভিন্ন প্রকার অনানুষ্ঠানিক শিক্ষা কার্যক্রম প্রবর্তন করার সম্ভাবনা কতখানি? (ঘ) স্থানীয় প্রয়োজন, ব্যক্তির রুচি ও প্রবণতা অনুসারে অনানুষ্ঠানিক শিক্ষা ব্যবস্থা গড়িয়া তোলা কি সম্ভব? (ঙ) দেশব্যাপী অনানুষ্ঠানিক শিক্ষা ব্যবস্থা প্রবর্তন করার ফলে সমন্বয় ও প্রশাসনের ক্ষেত্রে সে ব্যবস্থা আনুষ্ঠানিক ব্যবস্থার সমতুল্য বা তাহার চাইতে বড় ও জটিল ব্যবস্থায় পরিণত হওয়ার আশঙ্কা আছে কি? (চ) দেশের সার্বিক উন্নয়নের সহিত শিক্ষার সম্বন্ধ কি এবং কি উপায়ে সে সম্বন্ধ নিবিড় করা যায়? (ছ) শিক্ষিতের বর্ধিত হার কি উন্নয়নের অগ্রগতির পরিমাপক হইবে? (জ) কোন্ কোন্ ক্ষেত্রে কেমন উন্নয়ন আমাদের কাম্য? (ঝ) কাম্য উন্নয়ন লক্ষ্য অর্জনের জন্য আনুষ্ঠানিক বা অনানুষ্ঠানিক শিক্ষা ব্যবস্থায় কি পরিবর্তন প্রয়োজন? (ঞ) কার্যকর বয়স্ক সাক্ষরতা অর্জনের জন্য পরিকল্পিত অনানুষ্ঠানিক শিক্ষা কি অপরিহার্য?